

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭০৩

কুমারঘাট, ১৭ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
কুমারঘাট উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে শিবির

কুমারঘাট পুরপরিষদের ১ থেকে ৬ নং ওয়ার্ড নিয়ে আজ কুমারঘাট উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে উদ্বোধন হয়েছে দু'দিনব্যাপী বিকশিত ভারত সংকল্প যাত্রা ও দ্বিতীয় পর্যায়ের প্রতি ঘরে সুশাসন শিবির। পুরপরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস বিদ্যালয়ের মুক্তমঞ্চে শিবিরের উদ্বোধন করে বলেন, স্বচ্ছতা নিয়ে সরকারি পরিষেবা মানুষের কাছে পৌঁছে দেওয়াই সুশাসন শিবিরের মূল উদ্দেশ্য। তিনি বলেন, এই শিবির থেকে যে কেউ সরকারি পরিষেবার সুযোগ নিতে পারেন। স্বাগত ভাষণে মুখ্যকার্যনির্বাহী আধিকারিক তথা মহকুমা শাসক সুরত কুমার দাস অনুষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাখ্যা করে বলেন, প্রশাসনিক শিবির থেকে মিশন আকারে সরকারি পরিষেবা পৌঁছে দেওয়া ও সরকারি প্রকল্পগুলি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন সমাজসেবী পবিত্র দেবনাথ ও কার্তিক দাস। উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক পরিমল শুরুবৈদ্য সহ বিশিষ্টজনেরা। উদ্বোধনী অনুষ্ঠানের মধ্যে অতিথিগণ কয়েকজন সুবিধাভোগীর হাতে বিভিন্ন প্রকল্পের সুযোগ প্রদান করেন। এছাড়া কুমারঘাট পুরপরিষদ, শিল্প ও বাণিজ্য, মৎস্য, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, শ্রম, যুব বিষয়ক ও ক্রীড়া, বন, শিক্ষা, কৃষি, স্বাস্থ্য ইত্যাদি দপ্তরের স্টল থেকে বিভিন্ন প্রকল্পের সুবিধা প্রদান করা হয়। ত্রিপুরা শহুরী আজীবিকা মিশন থেকে শিবিরে মোট ১৪টি স্বসহায়ক দলকে ৩৪ লক্ষ টাকার ঋণের চেক প্রদান করা হয়। শিল্প ও বাণিজ্য দপ্তর থেকে স্বাবলম্বন প্রকল্পে ৫ লক্ষ ৭০ হাজার টাকার চেক প্রদান করা হয়।

\*\*\*\*\*